# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ১৪. ৬. তালাকপ্রাপ্তাকে বিবাহ নিষিদ্ধ ও ব্যভিচারতুল্য পাপ

তালাকপ্রাপ্তা মহিলা অপবিত্র ও তাকে বিবাহ করা ব্যভিচারের মতই মহাপাপ। ইমাম বা যাজকদের বিষয়ে তৌরাতের বক্তব্য: ‘‘বেশ্যা, পতিতা বা স্বামীর তালাক দেওয়া কোনো স্ত্রীলোককে তাদের বিয়ে করা চলবে না। যিনি তাদের আল্লাহ তাঁর উদ্দেশ্যে তারা পাক-পবিত্র।’’ (লেবীয় ২১/৭-৮)

বাইবেল অন্যত্র বলছে: ‘‘যে কেউ জেনা ছাড়া অন্য কারণে তার স্ত্রীকে তালাক দেয় সে তাকে জেনাকারিণী করে। যে ব্যক্তি সেই পরিত্যক্তা (মো.-০৬: তালাক দেওয়া) স্ত্রীকে বিয়ে করে সেও জেনা করে।’’ (মথি ৫/৩১, মো.-১৩)

যীশু আরো বলেন: ‘‘যে কেউ নিজের স্ত্রীকে তালাক দিয়ে অন্য স্ত্রীলোককে বিয়ে করে সে তার স্ত্রীর বিরুদ্ধে জেনা করে। আর স্ত্রী যদি স্বামীকে তালাক দিয়ে অন্য লোককে বিয়ে করে তবে সেও জেনা করে।’’ (মার্ক ১০/১১-১২। মথি ১৯/৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14450

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন